# নিয়োগ বিজ্ঞপ্তি

## ন্যাশনাল ডিফেন্স কলেজ (এনডিসি)
## মিরপুর সেনানিবাস,ঢাকা-১২১৬

ন্যাশনাল ডিফেন্স কলেজের ৪র্থ শ্রেণী বেসামরিক কর্মচারী নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শূণ্য পদসমূহে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক | পদনাম | পদ সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১। | মেসওয়েটার<br>গ্রেড-২০ বেতন স্কেল<br>৮,২৫০-২০,০১০/- | ০১ (এক) জন | অষ্টম শ্রেণী পাস | পেশাগত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | নরসিংদী,কিশোরগঞ্জ,কুমিল্লা,বগুড়া, সিলেট ব্যতিত সকল জেলা |
| ২। | বাবুর্চি<br>গ্রেড-২০ বেতন স্কেল<br>৮,২৫০-২০,০১০/- | ০১ (এক) জন | অষ্টম শ্রেণী পাস | ঐ | মাদারিপুর,রাজবাড়ী,বগুড়া,বাগেরহাট, চুয়াডাঙ্গা ব্যতিত সকল জেলা |
| ৩। | সহকারী বাবুর্চি<br>গ্রেড-২০ বেতন স্কেল<br>৮,২৫০-২০,০১০/- | ০১ (এক) জন | অষ্টম শ্রেণী পাস | ঐ | ময়মনসিংহ ব্যতিত সকল জেলা |

**দরখাস্তের নিয়মাবলীঃ**

১। আগ্রহী প্রার্থীকে বিজ্ঞপ্তিতে প্রদত্ত ছক মোতাবেক স্বহস্তে লিখিত আবেদন প্রেরণ করতে হবে। উক্ত আবেদন ফরম এনডিসি'র ওয়েব সাইট www.ndc.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

২। আবেদনপত্র কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬ বরাবর ২৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের মধ্যে শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে পৌছাতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহনযোগ্য হবে না।

৩। ০১ জানুয়ারি ২০১৮ তারিখে সংশ্লিষ্ট পদের জন্য আবেদনকারীর বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র বিবেচনা করা হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর বয়স ৩২ বছর পর্যন্ত গ্রহণ যোগ্য হবে (এক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর সর্বশেষ পরিপত্র/অফিস আদেশ অনুসরনীয়)। এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪। উল্লিখিত সকল পদে নিয়োগের ক্ষেত্রে স্থায়ীভাবে বসবাসরত যে কোন বাংলাদেশী নাগরিক আবেদন করতে পারবেন। ইউনিয়ন কাউন্সিল/পৌরসভার চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক স্বাক্ষরিত নাগরিকসনদ আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।

৫। প্রার্থীকে কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬। আবেদন পত্রের সাথে প্রার্থীর ডাক যোগাযোগের বর্তমান ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাকটিকেটযুক্ত ১০ ইঞ্চি x ৫ ইঞ্চি মাপের একটি অব্যবহৃত ফেরত খাম প্রেরণ করতে হবে।

৭। সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে প্রমান হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর সর্বশেষ পরিপত্র/অফিস আদেশ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৮। আবেদন পত্রের খামের উপর আবেদনকৃত পদের নাম ও নিজ জেলার নাম অব্যশই উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রটি রেজিস্টার্ড ডাকযোগে কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬ ঠিকানায় পৌছাতে হবে।

৯। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। প্রাথমিকভাবে বাছাইকৃত আবেদনকারীগণকে লিখিত পরীক্ষার সময়সূচী ডাকযোগে জানানো হবে। লিখিত পরীক্ষায় যোগ্য প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য আবেদনকরীদের কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১১। লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় উত্তীণ প্রার্থীগণকে স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে চূড়ান্তভাবে নির্বাচন করা হবে।

১২। নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৩। অন্যান্য তথ্যের জন্য এনডিসি'র ওয়েবসাইট www.ndc.gov.bd তে অনুসন্ধান করা যেতে পারে।

মোঃ আনোয়ার হোসেন ভূঁইয়া
লেঃ কর্ণেল
জিএসও-১ (প্রশাসন)

ন্যাশনাল ডিফেন্স কলেজ
মিরপুর সেনানিবাস
ঢাকা-১২১৬

৫×৫ সে.মি. ছবি (সম্প্রতি তোলা,দুই কপি)

## কর্মচারীদের চাকুরীর আবেদন ফরম

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম ঃ | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর ঃ | তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ৩. | প্রার্থীর নাম ঃ | বাংলায় ঃ | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) ঃ | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বর ঃ | | | | | | | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর ঃ | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ ঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান জেলা ঃ | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স ঃ | বৎসর | মাস | দিন | | | | | | | |
| ৮. | মাতার নাম ঃ | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম ঃ | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা ঃ | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) | | |
| | গ্রাম/পাড়া/ মহল্লা | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড | | |
| | ডাকঘর | | |
| | পোষ্ট কোড নম্বর | | |
| | উপজেলা | | |
| | জেলা | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | যোগাযোগ ঃ | মোবাইল/টেলিফোন নম্বর ঃ | | ই-মেইল নম্বর (যদি থাকে) ঃ |
| ১২. | জাতীয়তা ঃ | | ১৩. | জেন্ডার ঃ |
| ১৪. | ধর্ম ঃ | | ১৫. | পেশা ঃ |

১৬. শিক্ষাগত যোগ্যতা ঃ

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড | বিভাগ/গ্রেড/শ্রেণী |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা যদি থাকে ঃ | | | | | | | | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ | | | | | | | | | | |
| ১৯. | কোটা (টিক দিন) ঃ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | এতিম/শারীরিক প্রতিবন্ধী | | | | | | | | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী / আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (এখানে উল্লেখ করুন) ঃ | | | | | | | | |
| ২০. | ব্যাংক ড্রাফট ঃ | তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ২১. | ব্যাংক ও শাখার নাম ঃ | | | | | | | | | | |
| ২২. | বিভাগীয় প্রার্থী কিনা (ঠিক দিন) ঃ | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | | | | | | | |

আমি এই মর্মে প্রত্যয়ন করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ ঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর